বাংলা

পাঠ ২৮

# প্রতিযোগিতায় নাম লিখি



**শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা** পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

২.১ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, অনুজ্ঞা, বিভিন্ন প্রেক্ষাপটনির্ভর ঘোষণা ও সংকেত শুনে বুঝতে পারা।

৩.১ ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ও প্রতিবেদনমূলক রচনার পাঠ শুনে তথ্য, বিষয়বস্তু বুঝতে পারা।

৬.১ পরিচিত প্রেক্ষাপটে প্রশ্ন-উত্তর, অনুজ্ঞা, সম্বোধন করতে পারা এবং সংকেত, বিজ্ঞপ্তি বুঝে প্রমিত উচ্চারণে বলতে পারা।

৬.২ কথোপকথন ও আলোচনায় অংশগ্রহণ করা এবং সংশ্লিষ্ট বিষয়ে নিজস্ব মত বলে প্রকাশ করতে পারা।

১০.১ পরিচিত পরিবেশে ছাপা, হাতের লেখায় বা ডিজিটাল ডিভাইসে উপস্থাপিত প্রশ্ন, নির্দেশনা, অনুজ্ঞা ও পাঠের অন্তর্ভুক্ত সহজ কথোপকথন পড়ে বুঝতে পারা।

১১.১ চিত্র ও ছক সংবলিত বর্ণনা, তথ্যমূলক রচনা, প্রতিবেদনমূলক রচনা পড়ে বিষয় বুঝতে পারা।

১৪.১ পরিচিত প্রেক্ষাপটে সাধারণ নির্দেশনা, প্রশ্ন, অনুজ্ঞাসূচক বাক্য, সংকেত, ঘোষণা, বিজ্ঞপ্তির বিষয় ও কথোপকথন বুঝে প্রমিত বাংলায় লিখতে পারা।

১৪.২ বিদ্যালয় পর্যায়ে সহজ ছক ও ফরম পূরণ করতে পারা।

**পিরিয়ড সংখ্যা : ৪** পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-১৩৭ | নোমান স্যার------- ভালো লাগার কথা লিখি। |
| পিরিয়ড-১৩৮ | নোমান স্যার ------- প্রতিযোগিতার বিষয়। |
| পিরিয়ড-১৩৯ | তিনি নিচের বিজ্ঞপ্তিটি----- কুসুমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। |
| পিরিয়ড-১৪০ | তিনি নিচের বিজ্ঞপ্তিটি------ তারিখ। |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

**বানান সতর্কতা** নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| স্কুল | সাংস্কৃতিক | প্রতিযোগিতা | অনুষ্ঠিত | অংশ | স্যার | জিজ্ঞেস | আঁকা | গল্প | বোর্ড |
| খুশি | পৃষ্ঠা | বিজ্ঞপ্তি | | | | | | | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর — চলো, পারি কি না দেখি

**১ ছকটি পূরণ কর।** ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৮৫

| কী কী করতে ভালো লাগে | |
|---|---|
| আমার নাম | |
| আমার ভালো লাগে | |
| ১. | |
| ২. | |
| ৩. | |

উত্তর :

| যা করতে ভালো লাগে | |
|---|---|
| আমার নাম | মো. রাইসুল ইসলাম |
| আমার ভালো লাগে | |
| ১. | আবৃত্তি করতে। |
| ২. | অভিনয় করতে। |
| ৩. | ছবি আঁকতে। |

**২ সাংস্কৃতিক প্রতিযোগিতার ফরম পূরণ।** ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৮৬

| সাংস্কৃতিক প্রতিযোগিতা | |
|---|---|
| প্রতিযোগীর নাম | |
| শ্রেণি | |
| শাখা | |
| রোল | |
| অংশগ্রহণের বিষয় | |
| তারিখ | |

উত্তর :

| সাংস্কৃতিক প্রতিযোগিতা | |
|---|---|
| প্রতিযোগীর নাম | মো. রাইসুল ইসলাম |
| শ্রেণি | তৃতীয় শ্রেণি |
| শাখা | প্রভাতী |
| রোল | ০১ |
| অংশগ্রহণের বিষয় | কবিতা আবৃত্তি, ছবি আঁকা |
| তারিখ | ২৬.০৩.২০২৪ |

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ১৩৭** নোমান স্যার------- ভালো লাগার কথা লিখি।

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

সাংস্কৃতিক, প্রতিযোগিতা, আঁকা, বিজ্ঞপ্তি, জিজ্ঞাসা।

**উত্তর :**

**সাংস্কৃতিক** — শিক্ষা সংস্কৃতি সভ্যতা প্রভৃতির সাথে ওতপ্রোতভাবে যুক্ত।

**প্রতিযোগিতা** — প্রতিদ্বন্দ্বিতা, বিপক্ষতা।

**আঁকা** — চিত্রিত করা, দাগ কাটা, অঙ্কন করা।

**বিজ্ঞপ্তি** — বিজ্ঞাপন।

**জিজ্ঞাসা** — প্রশ্ন করা, জানার ইচ্ছা।

**প্রশ্ন ২. খাতায় নিজের নাম, বাবার নাম, মায়ের নাম, গ্রামের/ওয়ার্ডের নাম, উপজেলা/থানার নাম, জেলার নাম লেখ।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :
নিজের নাম : মো. রাইসুল ইসলাম।
বাবার নাম : মো. শফিকুল ইসলাম।
মায়ের নাম : পারভীন বেগম।
গ্রামের/ওয়ার্ডের নাম : ফতেহপুর।
উপজেলা/থানার নাম : হোমনা।
জেলা : কুমিল্লা।

**প্রশ্ন ৩. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. সাংস্কৃতিক প্রতিযোগিতা কী?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** যে প্রতিযোগিতায় অনুশীলনের মাধ্যমে জ্ঞানবুদ্ধির উৎকর্ষ সাধিত হয় তাকে সাংস্কৃতিক প্রতিযোগিতা বলে।

**প্রশ্ন খ. সাংস্কৃতিক প্রতিযোগিতা কোন কোন বিষয়ে হয়ে থাকে?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সাংস্কৃতিক প্রতিযোগিতা কবিতা আবৃত্তি ও নাচ বিষয়ে হয়ে থাকে।

**প্রশ্ন ৪. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

স্কুল, প্রতিযোগিতা, স্যার, গল্প।

উত্তর : স্কুল — আমাদের স্কুলের সামনে একটি খেলার মাঠ আছে।
প্রতিযোগিতা — আমি কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় অংশ নেব।
স্যার — সেলিম স্যার আমাদের ক্রীড়া শিক্ষক।
গল্প — গল্প শুনতে ভালো লাগে।

**প্রশ্ন ৫. স্কুলের 'ক্রীড়া প্রতিযোগিতা' বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কথোপকথন তৈরি কর।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

সাগর : কেমন আছো হোসাইন?
হোসাইন : আমি ভালো আছি। তুমি কেমন আছো?
সাগর : আমিও ভালো আছি। আচ্ছা! তুমি কি জানো স্কুলে সাংস্কৃতিক প্রতিযোগিতা হবে?
হোসাইন : হ্যাঁ আমি জানি। স্যারের কাছে শুনেছি।
সাগর : কী কী বিষয়ে প্রতিযোগিতা হবে?
হোসাইন : ছবি আঁকা, গল্প বলা, গান গাওয়া। তুমি কোন বিষয়ে অংশ নেবে?
সাগর : আমি কবিতা আবৃত্তি করতে চাই। কবিতা আবৃত্তি আছে কী?
হোসাইন : হ্যাঁ, আছে। তুমি কবিতা আবৃত্তিতে অংশ নিতে পারবে।
সাগর : তোমাকে ধন্যবাদ হোসাইন।
হোসাইন : তোমাকেও ধন্যবাদ।

**পিরিয়ড ১৩৮** নোমান স্যার ------- প্রতিযোগিতার বিষয়।

**প্রশ্ন ৬. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

বোর্ড, ছক, খুশি, ফরম, বিজ্ঞপ্তি।

**উত্তর :** **বোর্ড** — সাদা বোর্ডে লেখা সুন্দর হয়।
**ছক** — নিচের ছকটি পূরণ কর।
**খুশি** — মিলিকে খুব খুশি লাগছে।
**ফরম** — বিভিন্ন প্রয়োজনে ফরম পূরণ করতে হয়।
**বিজ্ঞপ্তি** — আজ পরীক্ষার রুটিনের বিজ্ঞপ্তি প্রকাশ হয়েছে।

**প্রশ্ন ৭. নিজের পাঁচটি ভালো লাগার কাজ সম্পর্কে লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

ক. গল্পের বই পড়তে ভালো লাগে।
খ. গান গাইতে ভালো লাগে।
গ. ছবি আঁকতে ভালো লাগে।
ঘ. সমুদ্রে ও পাহাড়ে ঘুরতে ভালো লাগে।
ঙ. ক্রিকেট খেলতে ভালো লাগে।

**প্রশ্ন ৮. 'প্রিয় শখ' সম্পর্কে একটি অনুচ্ছেদ লেখ।**

**উত্তর :** আমার প্রিয় শখ ছবি আঁকা। আমি ছবি আঁকতে ভালোবাসি। কারণ বিভিন্ন রঙের পেনসিল দিয়ে ছবি এঁকে আমি আমার মনের ভাব, মনের ইচ্ছাগুলো প্রকাশ করতে পারি। এছাড়া ছবি আঁকা একটি সৃজনশীল কাজ।

**পিরিয়ড ১৩৯** তিনি নিচের বিজ্ঞপ্তিটি----- কুসুমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়।

**প্রশ্ন ৯. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. বিজ্ঞপ্তি কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** অন্যকে কোনো তথ্য সম্পর্কে অবগত করার জন্য যা লেখা হয় তাই বিজ্ঞপ্তি।

**প্রশ্ন খ. বিজ্ঞপ্তি কে প্রকাশ করেছেন?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বিজ্ঞপ্তি প্রকাশ করেছেন কুসুমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক।

**প্রশ্ন গ. কী বিষয়ের বিজ্ঞপ্তি?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** স্কুলের সাংস্কৃতিক প্রতিযোগিতা বিষয়ের বিজ্ঞপ্তি।

**প্রশ্ন ঘ. বিজ্ঞপ্তির পরবর্তী কাজ কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বিজ্ঞপ্তির পরবর্তী কাজ ফরম পূরণ করা।

**প্রশ্ন ঙ. কোন কোন বিষয় প্রতিযোগিতার জন্য নির্ধারণ করা হয়েছে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** যেসব বিষয় প্রতিযোগিতার জন্য নির্ধারণ করা হয়েছে :

১. দেশের গান ২. গল্প বলা
৩. ছড়া গান ৪. কবিতা আবৃত্তি
৫. নাচ ৬. ছবি আঁকা

**পিরিয়ড ১৪০** তিনি নিচের বিজ্ঞপ্তিটি------- তারিখ।

**প্রশ্ন ১০. বিদ্যালয়ের সাংস্কৃতির প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ কর।**

| সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৪ | |
|---|---|
| প্রতিযোগীর নাম | |
| শ্রেণি | |
| শাখা | |
| রোল নম্বর | |
| অংশগ্রহণের বিষয় | |
| তারিখ | |

**উত্তর :**

| সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৪ | |
|---|---|
| প্রতিযোগীর নাম | প্রাচ্য সিংহ |
| শ্রেণি | তৃতীয় |
| শাখা | ক |
| রোল নম্বর | ০২ |
| অংশগ্রহণের বিষয় | গান, চিত্রাঙ্কন ও বক্তৃতা |
| তারিখ | ২১-০২-২০২৪ |

**প্রশ্ন ১১. বিজ্ঞপ্তির বিষয়বস্তু লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** কুসুমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে এ বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। প্রতিযোগিতার বিষয় হিসেবে থাকছে দেশের গান, গল্প বলা, ছড়াগান, কবিতা আবৃত্তি, নাচ, ছবি ইত্যাদি। যেসব শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশ নেবে তারা ফরম পূরণ করে জমা দেবে।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

### লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

প্রতিযোগিতা, গল্প, সাংস্কৃতিক, ছক, খুশি।

ক. ছবি আঁকার ——— হয়।
খ. ——— বলতে আমার ভালো লাগে।
গ. ——— প্রতিযোগিতায় কী হয় জানো?
ঘ. স্যার বোর্ডে একটি ——— আঁকলেন।
ঙ. সবার লেখা দেখে স্যার খুব ——— হলেন।

**উত্তর :**

ক. ছবি আঁকার **প্রতিযোগিতা** হয়।
খ. **গল্প** বলতে আমার ভালো লাগে।
গ. **সাংস্কৃতিক** প্রতিযোগিতায় কী হয় জানো?
ঘ. স্যার বোর্ডে একটি **ছক** আঁকলেন।
ঙ. সবার লেখা দেখে স্যার খুব **খুশি** হলেন।

**প্রশ্ন ২. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| আমি গল্পে | ভালো লাগার কথা লিখি |
| ছকটিতে নিজের | ছক আঁকি |
| এবার একটা | ফরম পূরণ করি |
| স্কুলে সাংস্কৃতিক | প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে |
| চলো সাংস্কৃতির প্রতিযোগিতার | অংশ নেব |

**উত্তর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| আমি গল্পে | অংশ নেব। |
| ছকটিতে নিজের | ভালো লাগার কথা লিখি। |
| এবার একটা | ছক আঁকি। |
| স্কুলে সাংস্কৃতিক | প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। |
| চলো সাংস্কৃতিক প্রতিযোগিতার | ফরম পূরণ করি। |

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

**প্রশ্ন ৩. যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।**

স্কুল, জিজ্ঞাসা, গল্প, পৃষ্ঠা, বিজ্ঞপ্তি।

| | | | |
|---|---|---|---|
| স্কুল | স্ক | স + ক | পুরস্কার, বয়স্ক |
| জিজ্ঞাসা | জ্ঞ | জ + ঞ | জ্ঞানী, বিজ্ঞান |
| গল্প | ল্প | ল + প | অল্প, কল্পনা |
| পৃষ্ঠা | ষ্ঠ | ষ + ঠ | নিষ্ঠা, অনুষ্ঠান |
| বিজ্ঞপ্তি | প্ত | প + ত | সুপ্ত, গুপ্ত |

**প্রশ্ন ৪. প্রথম আলো আয়োজিত ভাষা প্রতিযোগ-২০২৪ এ অংশগ্রহণের জন্য নিচের ফরমটি পূরণ কর।**

উত্তর : নিচে ফরমটি পূরণ করে দেওয়া হলো :

<u>প্রথম আলো ভাষা প্রতিযোগ-২০২৪</u>

তারিখ : ০৮/০৫/২০২৪

| | |
|---|---|
| নাম | : মো. আতিকুর রহমান |
| মাতার নাম | : মোসা. রোকিনা আক্তার |
| পিতা/অভিভাবকের নাম | : মো. আমান উল্লাহ |
| জন্ম তারিখ | : ১১/০৩/২০১৪ |
| শিক্ষা প্রতিষ্ঠানের নাম | : বেড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় |
| বর্তমান ঠিকানা | : বেড়া, পাবনা |
| স্থায়ী ঠিকানা | : বেড়া, পাবনা |

| | মো. আতিকুর রহমান |
|---|---|
| ......................... | ......................... |
| শ্রেণিশিক্ষকের স্বাক্ষর | শিক্ষার্থীর স্বাক্ষর |

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| সাংস্কৃতিক প্রতিয়োগিতার ধারণা অর্জন করেছে। | | | |
| প্রশ্নবোধক বাক্যের উত্তর দিতে পেরেছে। | | | |
| সাধারণ বর্ণনা শুনে বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| অন্যের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে কথোপকথনে অংশগ্রহণ করতে পেরেছে। | | | |
| লেখা নির্দেশনা স্পষ্ট উচ্চারণে পড়ে অনুসরণ করতে পেরেছে। | | | |
| ছক সংবলিত বর্ণনামূলক রচনা পড়ে বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |
| বিদ্যালয় পর্যায়ের সহজ ছক পূরণ করতে পেরেছে। | | | |
| ইতিবাচক মনোভাব নিয়ে সহজ ছক পূরণ করতে পেরেছে। | | | |
| প্রমিত উচ্চারণের ধারণা অর্জন করেছে। | | | |
| বিজ্ঞপ্তির বিষয় বুঝে বলতে পেরেছে। | | | |
| মুদ্রিত এবং হাতে লেখা বিজ্ঞপ্তি বুঝে পড়তে পেরেছে। | | | |
| বিজ্ঞপ্তির বিষয় বাক্যে লিখে প্রকাশ করতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :...............

শিক্ষার্থীর নাম :................................ শ্রেণি :................................ রোল নম্বর : ☐

**১। বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| আমি গল্পে | ভালো লাগার কথা লিখি |
| ছকটিতে নিজের | ছক আঁকি |
| এবার একটা | ফরম পূরণ করি |
| স্কুলে সাংস্কৃতিক | প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে |
| চলো সাংস্কৃতির প্রতিযোগিতার | অংশ নেব |

**২। নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

সাংস্কৃতিক, প্রতিযোগিতা, আঁকা, বিজ্ঞপ্তি, জিজ্ঞাসা।

**৩। যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।**

স্কুল, জিজ্ঞাসা, গল্প, পৃষ্ঠা, বিজ্ঞপ্তি।

### উত্তরমালা

১ ▸

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| আমি গল্পে | অংশ নেব। |
| ছকটিতে নিজের | ভালো লাগার কথা লিখি। |
| এবার একটা | ছক আঁকি। |
| স্কুলে সাংস্কৃতিক | প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। |
| চলো সাংস্কৃতিক প্রতিযোগিতার | ফরম পূরণ করি। |

২ ▸

সাংস্কৃতিক — শিক্ষা সংস্কৃতি সভ্যতা প্রভৃতির সাথে ওতপ্রোতভাবে যুক্ত।।

প্রতিযোগিতা — প্রতিদ্বন্দ্বিতা, বিপক্ষতা।

আঁকা — চিত্রিত করা, দাগ কাটা, অঙ্কন করা।

বিজ্ঞপ্তি — বিজ্ঞাপন।

জিজ্ঞাসা — প্রশ্ন করা, জানার ইচ্ছা।

৩ ▸

| শব্দ | যুক্তবর্ণ | বিভাজন | নতুন শব্দ |
|---|---|---|---|
| স্কুল | স্ক | স + ক | পুরস্কার, বয়স্ক |
| জিজ্ঞাসা | জ্ঞ | জ + ঞ | জ্ঞানী, বিজ্ঞান |
| গল্প | ল্প | ল + প | অল্প, কল্পনা |
| পৃষ্ঠা | ষ্ঠ | ষ + ঠ | নিষ্ঠা, অনুষ্ঠান |
| বিজ্ঞপ্তি | প্ত | প + ত | লুপ্ত, গুপ্ত |

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐

# শব্দ শিখি

## আ

আক্রমণ — হামলা
আগুয়ান — অগ্রসর
আত্মত্যাগ — প্রাণ দেওয়া
আত্মীয় — আপনজন
আদর্শ — অনুসরণীয়
আদেশ — হুকুম
আরবার — আবার
আলপনা — নকশা
আলসে — অলস
আহ্বান — ডাক

## উ

উঁকি দেওয়া — আড়াল থেকে দেখা
উৎকণ্ঠা — উদ্বেগ
উত্তপ্ত — গরম

## এ

একত্র — একসাথে

## ক

কভু — কখনো
কল্যাণ — মঙ্গল
কামান — গোলা নিক্ষেপ করার অস্ত্র
কাহিনি — গল্প, ঘটনা
কিরণ — আলো
কুসুম-বাগ — ফুলের বাগান
কেল্লা — দুর্গ
কোষাগার — যেখানে টাকা রাখা হয়
ক্রীড়া — খেলা
ক্রীতদাস — কেনা গোলাম
ক্রুদ্ধ কণ্ঠে — রাগের গলায়
ক্ষোভ — অসন্তোষ

## খ

খবর — সংবাদ
খরস্রোতা — অনেক স্রোত আছে যার

## গ

গগন — আকাশ
গম্বুজ — গোলাকার ছাদ
গর্ব — গৌরব
গলানো — প্রবেশ করানো
গুজব — মিথ্যা তথ্য
গুরুজন — বয়সে বড়ো মানুষ
গোমড়া — গম্ভীর
গ্যালারি — শিল্পকর্ম প্রদর্শনের ভবন বা কক্ষ

## ঘ

ঘাঁটি — আস্তানা

## চ

চটপট — তাড়াতাড়ি
চর — নদীতে তৈরি হওয়া বালুময় ভূমি
চাবুক — মারার জন্য যে লাঠির মাথায় দড়ি থাকে
চিরস্থায়ী — চিরদিনের জন্য স্থায়ী
চেতনা — বোধ

## জ

জাঁকজমক — আড়ম্বর
জাদুঘর — যেখানে ঐতিহাসিক গুরুত্বপূর্ণ জিনিস প্রদর্শনের জন্য রাখা হয়

## ট

টিলা — উঁচু জায়গা

## ড

ডরি — ভয় পাই
ডলফিন — তিমি জাতীয় জলজ প্রাণী

বাংলা

**ত**

| | | |
|---|---|---|
| তপ্ত | — | গরম |
| তীব্র বেগে | — | দ্রুত গতিতে |
| তেজে ভরা মন | — | উদ্দীপ্ত মন |

**দ**

| | | |
|---|---|---|
| দানশীলতা | — | দান করার গুণ |
| দায়িত্ব | — | কাজ |
| দূষিত | — | নষ্ট |
| দৃঢ় | — | শক্ত, বলিষ্ঠ |

**ন**

| | | |
|---|---|---|
| নলখাগড়া | — | নলের মতো লম্বা ঘাস |
| নোটবুক | — | লেখার ছোটো খাতা |

**প**

| | | |
|---|---|---|
| পণ | — | শপথ |
| পত্তর | — | পাতা, পত্র |
| পরিপাটি | — | সুন্দর করে সাজানো |
| পোস্টার | — | বড়ো কাগজে লেখা বিজ্ঞপ্তি |
| প্রতিরোধ | — | বাধা |
| প্রদীপ | — | বাতি |
| প্রাচীন | — | পুরাতন |
| প্রান্তর | — | খোলা জায়গা |
| পার্বত্য | — | পাহাড়ি |

**ফ**

| | | |
|---|---|---|
| ফটক | — | সদর দরজা |
| ফাঁকি | — | ধোঁকা |
| ফুঁড়ে | — | ভেদ করে |
| ফোকলা | — | দাঁতহীন |

**ব**

| | | |
|---|---|---|
| বাদল | — | বৃষ্টি |
| বায়ু | — | বাতাস |
| বিখ্যাত | — | নামকরা |
| বিল | — | স্রোতহীন জলাশয় |
| বিশ্বখ্যাত | — | দুনিয়া জুড়ে সুনাম আছে যার |
| বিশ্বমাঝার | — | পৃথিবীর মধ্যে |
| বীরত্ব | — | সাহসিকতা |
| বেতার যন্ত্র | — | বিনা তারে খবর পাঠানোর যন্ত্র |

**ম**

| | | |
|---|---|---|
| মনিব | — | মালিক |
| মাজার | — | বিশেষ ব্যক্তির কবর |
| মিছিল | — | শোভাযাত্রা |
| মিনার | — | দালানের উঁচু চূড়া |
| মিহি | — | সরু, সূক্ষ্ম |
| মুক্ত | — | স্বাধীন |
| মুদ্রা | — | ধাতুর তৈরি পয়সা |
| মুয়াজ্জিন | — | যিনি আজান দেন |

**র**

| | | |
|---|---|---|
| রটানো | — | ছড়ানো |
| রবি | — | সূর্য |
| রাঙা | — | রঙিন |
| রাজপথ | — | বড়ো রাস্তা |
| রাজার দরবার | — | রাজা যেখানে সভা করেন |
| রাত পোহানো | — | রাত শেষ হওয়া |
| রীতি | — | নিয়ম |

**শ**

| | | |
|---|---|---|
| শিশুপার্ক | — | শিশুদের খেলার ও ঘোরার জায়গা |

**স**

| | | |
|---|---|---|
| সংবর্ধনা | — | অভ্যর্থনা |
| সমাবেশ | — | একত্র অবস্থান |
| সমুদ্রপার | — | সাগরতীর |
| সহচর | — | সঙ্গী |
| সাধ | — | ইচ্ছা |
| সুয্যি | — | সূর্য |
| সেথা | — | সেখানে |
| সেপাই | — | সৈনিক |
| স্বচ্ছ | — | পরিষ্কার, নির্মল |
| স্রোত | — | পানির প্রবাহ |
| স্লোগান | — | দাবি আদায়ের জন্য উঁচু গলায় আওয়াজ |

**হ**

| | | |
|---|---|---|
| হেলা | — | অবজ্ঞা |